



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

চসিক বৈদ্যুতিক কর্মচারী কল্যাণ পরিষদের সাথে মতবিনিময়কালে মেয়র

## চসিকের ঘাটতি নিরূপন করে

## ভবিষ্যত কর্ম-পরিকল্পনা নেয়া হবে

**চট্টগ্রাম- ১২ জুন ২১খ্রিঃ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরবাসী আমাদের মেয়র নির্বাচিত করার পর আমি উপলব্ধি করি, দায়িত্ব গ্রহণের প্রথম ধাপে নির্বাচনী অঙ্গীকার ও কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে চসিকের সক্ষমতা ও সামর্থ্য কতটুকু বিদ্যমান তা যাচাই করে নেয়া। তাই যে টুকু সামর্থ্য, সামগ্রী ও জনবল আছে তা নিয়ে ১০০ দিনের মধ্যে জনগুরুত্বপূর্ণ অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম শুরু করেছিলাম, যা পরবর্তীতে আরো ৯০ দিন বৃদ্ধি করা হয়েছে। এই কার্যক্রম পরিচালনায় সাফল্য যেমন এসেছে, তেমনি কিছু প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতা স্পষ্ট হয়েছে। এই অভিজ্ঞতা অর্জন ও সক্ষমতার ঘাটতিগুলো নিরূপন সম্ভব হয়েছে। যার মাধ্যমে চসিকের ভবিষ্যত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সঠিক পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে। তিনি আজ শনিবার বিকেলে চসিক আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে.বি আব্দুস সাত্তার মিলনায়তনে চসিক বৈদ্যুতিক কল্যাণ পরিষদের নেতৃবৃন্দের সাথে মতবিনিময়কালে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। পরিষদের পৃষ্ঠপোষক তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশের সভাপতিত্বে ও নির্বাহী প্রকৌশলী রেজাউল বারী চৌধুরীর সম্বলনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, বিদ্যুৎ স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর মো. মোর্শেদ আলম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, সিবিএ-র সভাপতি ফরিদ আহমদ, সাধারণ সম্পাদক মুজিবুর রহমান, সিনিয়র সহ-সভাপতি জাহিদুল আলম চৌধুরী, অর্থ সম্পাদক মো. তারেক সুলতান, যুগ্ম সম্পাদক বিপ্লব কুমার চৌধুরী, রতন চৌধুরী, বৈদ্যুতিক কল্যাণ পরিষদের সভাপতি মো. ইসকান্দর, সাধারণ সম্পাদক মো. জাকির হোসেন প্রমুখ।

মেয়র আরো বলেন চসিকের বিদ্যুৎ বিভাগে কর্মরত শ্রমিক-কর্মচারীরা জীবনের ঝুঁকি নিয়ে নগরীকে আলোকিত করে রেখেছে তাদের এই কৃতিত্বের প্রতি সম্মান জানাতে হবে। কিন্তু কাজ করতে গিয়ে প্রয়োজনীয় সরঞ্জামের অভাবে তাদের অনেক ঝুঁকি নিতে হয়। সে ঝুঁকি নিতে গিয়ে বিগত কয়েক বছরে ১১ জন শ্রমিককে প্রাণ দিতে হয়েছে। তাই ভবিষ্যতে কোন শ্রমিককে যেন কাজ করতে গিয়ে মৃত্যুর মুখে পতিত হতে না হয় সেজন্য যে সকল সরঞ্জাম প্রয়োজন সে সরঞ্জামগুলো পর্যায়ক্রমে ব্যবস্থা করা হবে বলে জানান। তিনি চসিক শ্রমিক-কর্মচারী কল্যাণ পরিষদের পক্ষ থেকে উত্থাপিত অতিরিক্ত কাজের ভাতাসহ- অন্যান্য যে সমস্যাগুলো তুলে ধরা হয়েছে, তা চসিকের সামর্থ্যের নিরিখে বিবেচনায় নিবেন বলে আশ্বাস প্রদান করেন। তিনি চসিকের অনেক কিছুর সীমাবদ্ধতাকে মেনে নিয়ে একটি পরিবার হিসেবে কাজ করতে আহ্বান জানান।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩